

ঢাবির প্রথম উপাচার্যের দায়িত্ব গ্রহণ

আমাদের সময় ডেস্ক

০১ ডিসেম্বর ২০২৪, ১২:০০ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য স্যার পিজে হার্টগ। ১৯২০ সালের ১ ডিসেম্বর উপাচার্য হিসেবে তিনি দায়িত্ব গ্রহণ করেন। হার্টগের জন্ম ১৮৬৪ সালের ২ মার্চ। তার পূর্বসূরীর বাস ছিল হল্যান্ডে। উনিশ শতকের শুরুর দিকে তার পরিবার ইংল্যান্ডে থিতু হয়। সেই সূত্রে তিনি ব্রিটিশ আর ধর্মীয় পরিচয়ে ছিলেন ইহুদি। শিক্ষাগত যোগ্যতা ও প্রশাসনিক দক্ষতায় স্যার পিজে হার্টগ ছিলেন অনন্য। তার সময়ের সবচেয়ে আধুনিক শিক্ষা অর্জন করেছিলেন তিনি। মাধ্যমিক শিক্ষা লন্ডনের ইউনিভার্সিটি কলেজ স্কুলে। উচ্চশিক্ষা নেন ফ্রান্সের প্যারিস বিশ্ববিদ্যালয়, জার্মানির হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয় ও কলেজ দ্য ফ্রান্স থেকে। সব শেষে তিনি ম্যানচেস্টারের ওয়েলস কলেজে বিশপ বার্কলে স্কলার ছিলেন।

তার কর্মজীবনের শুরু ভিক্টোরিয়া ইউনিভার্সিটিতে রসায়নের সহকারী প্রভাষক হিসেবে। এরপর তিনি শিক্ষকতা থেকে বিশ্ববিদ্যালয় প্রশাসনে যোগ দেন ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়ে। লন্ডন বিশ্ববিদ্যালয়ে একাডেমিক রেজিস্ট্রার ছিলেন প্রায় ১৭ বছর।

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত হওয়ার পর প্রশাসনিক দক্ষতার কথা বিবেচনায় নিয়ে উপাচার্যের দায়িত্ব দেওয়া হয় স্যার ফিলিপ জোসেফ হার্টগকে। ৪ হাজার টাকা বেতন ও বাসভবন-সুবিধা নিয়ে ১৯২০ সালের ১ ডিসেম্বর তিনি যোগ দেন কলকাতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রকল্প অফিসে। তিনি চেয়েছিলেন পূর্ব বাংলায় একটি অসাম্প্রদায়িক ও জ্ঞানভিত্তিক মধ্যবিত্ত সমাজ গড়ে উঠুক।

[শেষ পাতা](#) থেকে আরও পড়ুন